

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৩০

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (کِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ উচ্চ আওয়াজ ও চুপিসারে এতদুভয়ের মাঝামাঝি আওয়াজে কুর'আন পাঠ করা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে বেশি প্রিয় ছিল

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قِرَاءَةَ الْمَرْءِ بَيْنَ الْقِرَاءَتَيْنِ كَانَ أَحَبَّ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنَ الْجَهْرِ وَالْمُخَافَتَةِ جَمِيعًا بِهَا

আরবী

730 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو يَحْيَى مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحِيمِ قَالَ: حَدَّثَنَا مَعْدَى بْنُ إِسْحَاقَ السَّيْلَحِينِيُّ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رَبَاحٍ عَنْ أَبِي قَتَادَةَ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ بِأَبِي بَكْرٍ وَهُوَ يُصَلِّي يَخْفِضُ صَوْتَهُ وَمَرَّ بِعُمَرَ يُصَلِّي رَافِعًا صَوْتَهُ قَالَ: فَلَمَّا اجْتَمَعَا عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ بِأَبِي مَكْرٍ وَهُوَ يُصَلِّي اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ بِأَبِي بَكْرٍ وَهُوَ يُصَلِّي اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: فَلَمَّا اجْتَمَعَا عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لِأَبِي بَكْرٍ:

(يَا أَبَا بَكْرٍ مَرَرْتُ بِكَ وَأَنْتَ تُصلِّي تَخْفِضُ مِنْ صَوْتِك) قَالَ: قَدْ أَسْمَعْتُ مَنْ نَاجَيْتُ قَالَ: (وَمَرَرْتُ بِكَ يَا عُمَرُ وَأَنْتَ تَرْفَعُ صَوْتَك) قَالَ: يَا رَسُولَ اللَّهِ أُوقِظُ الْوَسْنَانَ وَاللَّه بِهِ قَالَ: فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِأَبِي بَكْرٍ: (ارْفَعْ مِنْ صَوْتِكَ شَيْئًا) وَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِأَبِي بَكْرٍ: (ارْفَعْ مِنْ صَوْتِكَ شَيْئًا) وَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِأَبِي بَكْرٍ: (ارْفَعْ مِنْ صَوْتِكَ شَيئًا) وَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِعُمْرَ: (اخْفِضْ من صوتك شيئًا)

الراوي: أَبُو قَتَادَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 730 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭৩০. আবু কাতাদা রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার আবু বকর রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুর পাশ দিয়ে অতিক্রম করছিলেন, এসময় তিনি ক্ষীণ আওয়াজে সালাত আদায় করছিলেন এবং তিনি উমার রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুর পাশ দিয়ে অতিক্রম করেন, এসময় তিনি



উচ্চ আওয়াজে সালাত আদায় করছিলেন। রাবী বলেন, "এরপর তাঁরা দুইজন যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসেন, তখন তিনি আবু বকর রাদিয়াল্লাহু তা'আলা আনহুকে বলেন, "হে আবু বকর রাদিয়াল্লাহু তা'আলা আনহু, আমি আপনার পাশ দিয়ে অতিক্রম করছিলাম, এসময় আপনি ক্ষীণ আওয়াজে সালাত আদায় করছিলেন।" আবু বকর রাদিয়াল্লাহু তা'আলা আনহু বলেন, "আমি যার গোপন আলাপে লিপ্ত হয়েছি (অর্থাৎ আল্লাহর সাথে), তাকে তো শুনিয়েছি।"

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "হে উমার রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু, আমি আপনার পাশ দিয়ে অতিক্রম করছিলাম, এসময় আপনি উচ্চ আওয়াজে সালাত আদায় করছিলেন।" উমার রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু বলেন, "আমি ঘুমন্ত ব্যক্তিদের জাগিয়ে দিচ্ছিলাম। আর আমি এর মাধ্যমে সাওয়াবের প্রত্যাশা করি।" রাবী বলেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আবু বকর রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুকে বলেন, "আপনি আরেকটু আওয়াজ উঁচু করবেন।" উমার রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুকে বলেন, "আপনি আরেকটু আওয়াজ নিচু করবেন।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমা: ১১৬১; আবু দাউদ: ১৩২৯; তিরমিযী: ৪৪৭; হাকিম: ১/৩১০।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২০০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু কাতাদাহ আল-আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন